# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com


স্মারক নং ঃ সিশিবো/পনি/উমা-০৫/২০১৮/৫৬০ তারিখ ঃ ০৫ /১২/২০১৮ খ্রিঃ

## eff পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (**এইচ এস সি**) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ, নির্বাচনী পরীক্ষা গ্রহণ, পরীক্ষার ফি, জমা প্রদান ইত্যাদি সম্পর্কিত যাবতীয় তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নে প্রদত্ত হলো।

১. Online এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (Probable list) সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে ১২/১২/২০১৮ তারিখ থেকে প্রদর্শিত হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে ১৩/১২/২০১৮ থেকে ২০/১২/২০১৮ তারিখের মধ্যে Online এ এ ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। Online এ প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে ফরম পূরণের পর Download করতঃ প্রিন্ট করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী (ব্যাংক ড্রাফট না করে) সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে ABB/RMS+ পদ্ধতিতে **সোনালী সেবার** মাধ্যমে বোর্ডের নির্ধারিত **'' সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৪১৮৭২২৬ এর অনুকূলে''** টাকা জমা করতঃ মূল জমা রশিদ ও ফরম পূরণের প্রিন্ট কপি ০১(এক) সেট হিসাব শাখায় জমা দিতে হবে। বোর্ডের হিসাব শাখা থেকে প্রাপ্ত রশিদ ও প্রিন্টকপি ০১(এক) সেট পরীক্ষা (উচ্চমাধ্যমিক) শাখায় জমা দিতে হবে এবং ০১ (এক) সেট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য ২০১৯ সালের এইচ এস সি পরীক্ষার eFF এর মাধ্যমে ফরম পূরণের জন্য Password টি নির্দিষ্ট সময়ের আগে জানানো হবে।

০২। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী এবং নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে।তবে আংশিক বিষয়ের ০১/০২ (এক/দুই) পরীক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক নয়। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনি পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরম পূরন করতে পারবে।

(গ) শিক্ষা প্রতিষ্ঠান সমূহ পরীক্ষার্থীদের পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক মডেল টেষ্ট গ্রহণ করতে পারবে কিন্তু এ মডেল টেষ্ট কোন পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য **অতিরিক্ত ফি আদায় করা যাবে না।**

০৩। পরীক্ষার্থীদের নিকট থেকে পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ১নং ক্রমিকে বর্ণিত নিয়মে হিসাব শাখায় জমা দিতে হবে।

০৪। **এইচ এস সি পরীক্ষা ২০১৯ অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ ঃ ০১/০৪/২০১৯**

০৫। ইলেক্ট্রনিক ফরম ফিলাপ eFF এর কার্যক্রম ও পরীক্ষার ফি এর হার নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | শেষ তারিখ |
|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবরে সাদা কাগজে তালিকা ভুক্তির আবেদন করার শেষ তারিখ | ২৭/১১/২০১৮ |
| ২. | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদের নিজ নিজ কলেজের অধ্যক্ষ বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখঃ<br>**নোট** ঃ যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০১৮ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়। | ২৭/১১/২০১৮ |
| ৩. | রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ ঃ<br>**নোট** ঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশ গ্রহণ করে ০১(এক) বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০১৮ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা ০১(এক) বিষয়ে অকৃতকার্য হয়েছে তাদের রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০১৯ সালে ঐ ০১(এক) বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। | ১৭/১২/২০১৮ |
| ৪. | কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রাইভেট পরীক্ষার্থীদের ০২(দুই) কপি তালিকা এবং প্রতি পরীক্ষার্থী ১০০/= (এক শত) টাকা হারে তালিকাভুক্তি ফি-পে অর্ডার বোর্ডে জমা দিতে হবে। | ইতোপূর্বে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ৫. | নির্বাচনী পরীক্ষা গ্রহণ শেষে ফলাফল প্রকাশের শেষ তারিখ ঃ | ১০/১২/২০১৮ |
| ৬. | অনলাইন eFF এর মাধ্যমে ফরম পুরণ ও টাকা জমা দেওয়ার তারিখ ঃ<br>(বিঃ দ্রঃ ডাউনলোডকৃত সোনালী সেবার নির্দিষ্ট ফরমে টাকা জমা দিতে হবে) | ১৩/১২/২০১৮ থেকে ২০/১২/২০১৮ |
| ৭. | ফি প্রাপ্তি সাপেক্ষে ফরম ফিলাপ ফাইনালাইজেন এবং ফাইনাল প্রিন্ট আউট | ২৪/১২/২০১৮ |
| ৮. | পরীক্ষার্থীর প্রতি ২০০/= (দুইশত টাকা) হারে বিলম্ব ফিসহ সোনালী সেবার মাধ্যমে অর্থ জমাদান ও অনলাইন eFF এর মাধ্যমে ফরম পুরণ : | ২৫/১২/২০১৮ থেকে ২৭/১২/২০১৮ |
| ৯. | বিলম্ব ফি প্রাপ্তি সাপেক্ষেফরম ফিলাপ ফাইনালাইজেন এবং ফাইনাল প্রিন্ট আউট ও টাকা জমা দেওয়ার তারিখ ঃ | ০১/০১/২০১৯ |

০৬। বোর্ডের নির্ধারিত ব্যাংকে উপরে ১নং ক্রমিকে বর্ণিত নিয়মে টাকা জমা রশিদ ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ প্রিন্ট আউট কপি পরীক্ষা ও হিসাব শাখা জমা দেয়ার তারিখ নিম্নরূপ ঃ

| জেলার নাম | বিলম্ব ফি ছাড়া | বিলম্ব ফিসহ |
|---|---|---|
| সুনামগঞ্জ | ২৬/১২/২০১৮ | ০৩/০১/২০১৯ |
| হবিগঞ্জ | ২৭/১২/২০১৮ | ০৩/০১/২০১৯ |
| মৌলভীবাজার | ২৮/১২/২০১৮ | ০৩/০১/২০১৯ |
| সিলেট | ৩১/১২/২০১৮ | ০৩/০১/২০১৯ |

০৭। (ক) **যে সকল কলেজে ইংরেজি মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থী রয়েছে তাদের বিষয় ভিত্তিক তালিকা ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে নিম্নোক্ত ''ছক'' অনুযায়ী উপ পরীক্ষা নিয়ন্ত্রক/ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-এর নিকট হাতে হাতে জমা দিতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের ইংরেজি মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না।**

''ছক''

| ক্রমিকনং | কেন্দ্র কোড | বিষয় ও পত্রের নাম | শাখা | বিষয় কোড | শিক্ষাবর্ষ | | সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সৃজনশীল | সৃজনশীল ব্যতিত | সৃজনশীল | সৃজনশীল ব্যতিত |

**০৮। ০১/০২/ (এক/দুই) বিষয়ের পরীক্ষায় অংশ গ্রহণ সংক্রান্ত ঃ**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৬/২০১৭/২০১৮ সালের এইচ এস সি পরীক্ষায় এক বা একাধিকবার অংশ গ্রহণ করে (০১/০২)এক /দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৯ সালে অনুষ্ঠিতব্য এইচ এস সি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **আংশিক বিষয় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।** তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ২০১৮ সালের এইচ এস সি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০১৯ সালের এক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে ১৭/১২/২০১৮ তারিখের মধ্যে ৪০০.০০ (চারশত) টাকা হারে রেজিস্ট্রেশন নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা থেকে রেজিস্ট্রেশন নবায়ন করতে হবে।

(গ) যে সকল পরীক্ষার্থী ২০১৫/২০১৬/২০১৭ সালের ০১ অথবা ০২ (এক/দুই) বিষয়ের পরীক্ষায় (চতুর্থ বিষয় বাদে)অংশগ্রহণ করে অকৃতকার্য হয়ে ২০১৬/২০১৭/২০১৮ সালের এইচ এস সি পরীক্ষায় ঐ ০১ অথবা ০২ (এক/দুই) বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৬/২০১৭/২০১৮ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৯ সালের পরীক্ষায় সকল বিষয়ের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

**০৯। ২০১৯ সালের এইচ এস সি পরীক্ষায় ৪র্থ বিষয়ে সুবিধা সংক্রান্ত ঃ**

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ঃ শিম/শাঃ১০/৭ পরীক্ষা-২(গ্রেডিং)/২০০২/৬১০ তারিখঃ ০৪/০১/০৩ এর ১(এ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০১৯ সালের এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণকারী ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

১০। রেজিষ্ট্রেশন ও সেশন সংক্রান্ত ঃ

(ক) ২০১৪-২০১৫ সেশনের পূর্বের রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত কোন পরীক্ষার্থী ২০১৯ সালের এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না ; তবে ২০১৩-২০১৪ সেশনের ০১(এক) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক এক বিষয়ের (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন এর নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল অধ্যক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১১। রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত ঃ

(ক) ২০১৮ সালের এইচ এস সি পরীক্ষায় অনিয়মিত এবং যারা দুই বা ততোধিক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশন মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০১৯ সালে দুই বা ততোধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৫,২০১৬ ও ২০১৭ সালের এইচ এস সি পরীক্ষায় যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে ০১(এক) বিষয়ের (চতুর্থ বিষয় ছাড়া) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০১৬,২০১৭ ও ২০১৮ সালের এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০১৮ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে নির্ধারিত নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে শুধুমাত্র একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক ২০১৯ সালের এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

বিঃদ্রঃ আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিষ্ট্রেশন নবায়ন করা যাবে না।

**১২। সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি এর হার নিম্নোক্ত ছকে দেয়া হলো ঃ**

| পরীক্ষার্থীরপ্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি(প্রতি পরীক্ষার্থী) | উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/ তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার/রেঞ্জার ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) | রেডক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (কলেজ প্রতি) | অনলাইন ফি (প্রতি পরীক্ষার্থী) | বি এন সি সি ফি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| নিয়মিত | ১০০/- | ৪০/= (বোর্ডে জমা দিবেন ২০/= এবং কেন্দ্রে জমা দিবেন ২০/=) | ৫৫/- | ১০০/- | --- | ৫০/- | ----- | ১৫/- | ৫/- | ২০/- | ৩০০/= | ৫/= | ৫/- |
| অনিয়মিত (যারা পরীক্ষায় অংশ গ্রহণ করে নি) | ১০০/- | | ৫৫/ | ১০০/- | ১০০/- | ৫০/- | ----- | ১৫/- | ৫/- | ২০/ | | | ৫/- |
| অনিয়মিত (যারা পরীক্ষায় অংশ গ্রহণ করেছে) | ১০০/- | | ৫৫/ | --- | ১০০/- | ৫০/- | ----- | ১৫/- | ৫/- | ২০/ | | | ৫/- |
| জি পি এ উন্নয়ন পরীক্ষার্থী | ১০০/- | | ৫৫/ | ১০০/= | - | ৫০/- | ১০০/ | ১৫/- | ৫/- | ২০/ | | | ৫/- |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১০০/- | | ৫৫/ | ১০০/= | - | ৫০/- | ১০০/ | ১৫/- | ৫/- | ২০/ | | | ৫/- |

১৩। (ক) অন্যান্য ফি এর হার ঃ

#(রেজিস্ট্রেশন নবায়ন ফি ঃ (কলেজ শাখা এ বিষয়ে বিজ্ঞপ্তি জারী করবে)

# বিলম্ব ফি ঃ জনপ্রতি ২০০/=(দুইশত) টাকা

**(খ) কেন্দ্র ফি ঃ (পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে)।**

# সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই ঃ জন প্রতি ৩৫০/-(তিন শত পঞ্চাশ টাকা)

# সকলপ্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে ঃ জনপ্রতি ৩৫০/-(তিনশত পঞ্চাশ) +ব্যবহারিক বিষয়ের প্রতি পত্রের জন্য ২৫(পঁচিশ) টাকা হিসেবে।

# কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষকে তত্ত্বীয় এবং ব্যবহারিক উভয়প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করতে হবে। বোর্ড কর্তৃক কোনরূপ অনুদানপ্রদান করা হবে না। বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক উপকরণাদি সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে । অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয়ভার কেন্দ্র হতে সংকুলান করতে হবে।

**গ) নির্বাচনী পরীক্ষার ফি ঃ**

যে সকল প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা আছে (জনপ্রতি) ঃ ২০০/-(দুইশত) টাকা।

যাদের নির্বাচনী পরীক্ষা নেই (জিপিএ উন্নয়ন) তাদের ক্ষেত্রে ব্যবস্থাপনা ফি (জনপ্রতি) ঃ ১৫০/-(একশত পঞ্চাশ ) টাকা।

**ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষাঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত পত্রপ্রতি ২০/= (বিশ) টাকা থেকে অভ্যন্তরীন পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/=(দশ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/=(দশ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থী প্রতি ১৩(তের) টাকা এবং সংশ্লিষ্ট কেন্দ্র শিক্ষার্থী প্রতি ০৭/= (সাত) টাকা পাবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টি এ ডি এ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী/ পারিশ্রমিক প্রদান করবে না।**

**উল্লেখ্য, আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতীত) হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল ব্যয়ভার মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবেন।**

**১৪। বোর্ডের নির্ধারিত ফি ব্যতিত কোন প্রকার ফি গ্রহণ করা যাবে না এবং বোর্ডের নির্ধারিত ফি এর সাথে অন্য কোন ফি সংযুক্ত করে আদায় করা যাবে না। নির্ধারিত তারিখের পূর্বে অথবা পরে কোন কাগজপত্রাদি বোর্ডে বিতরণ/গ্রহণ করা হবে না। এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৯ সনের এইচ এস সি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।**

১৫। eFF পুরণে Password ও অন্যান্য বিষয়ে জটিলতা দেখা দিলে sa@sylhetboard.gov.bd তে email করার জন্য অনুরোধ করা হলো।

১৬। সিলেট শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০১৮ সাল থেকে জে এস সি, এস এস সি ও এইচ এস সি পরীক্ষার পরীক্ষক, প্রধান পরীক্ষক ও নিরীক্ষকদের সম্মানী শিওর ক্যাশের মাধ্যমে পরিশোধ করা হবে। কাজেই তাঁর প্রতিষ্ঠানের সকল পরীক্ষক, প্রধান পরীক্ষক ও নিরীক্ষকগণকে শিক্ষা বোর্ড ৪র্থ তলা (৪০৫নং কক্ষ) থেকে/বোর্ড কর্তৃক কলেজসমূহে প্রেরিত শিওর ক্যাশ কর্তৃপক্ষ থেকে ফরম সংগ্রহ করে জরুরী ভিত্তিতে একাউন্ট করার জন্য অনুরোধ করা গেল। আরও উল্লেখ্য যে, শিক্ষা বোর্ড থেকে চেকের মাধ্যমে কোন পাওনা পরিশোধ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৫।১২।১৮

**(মোঃ কবির আহমদ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

**স্মারক নং ঃ সিশিবো/পনি/উমা/০৫/২০১৮/৫৬০** **তারিখ ঃ ০৫ /১২/২০১৮ খ্রিঃ**

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট।
৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/যশোর/বরিশাল/দিনাজপুর/ মাদ্রাসা/কারিগরি বোর্ড
৫। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৬। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৭। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/যশোর/বরিশাল/দিনাজপুর/মাদ্রাসা/ কারিগরি বোর্ড
৮। অধ্যক্ষ, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/ স্কুল এন্ড কলেজ।
৯। জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
১০। অত্র শিক্ষা বোর্ডের কর্মকর্তাগণ।
১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১৩। সংরক্ষণ নথি।

৫।১২।১৮

**(হাবিবা বাছিত)**
সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।